

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ৯, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যর্তৱীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২০ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ/০৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ২৯-আইন/আয়কর/২০২০ —Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Active Pharmaceutical Ingredients (API) খাতকে প্রণোদনা প্রদানের লক্ষ্যে, জাতীয় রাজস্ব বোর্ডের ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ৩০ মে, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের বিশেষ আদেশ প্রজ্ঞাপন নং-২১৮/২০১৮/কাস্টমস এর TABLE এ বর্ণিত জাতীয় ও আন্তর্জাতিক মানসম্পন্ন রাসায়নিক যৌগসমূহ (Technical Grade/Chemically pure) আমদানির ক্ষেত্রে উক্ত Ordinance এর section 53 অনুযায়ী অগ্রিম আয়কর (Advance Income Tax) আদায় হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা :—

## শর্ত

- (ক) অভ্যর্তৱীণ সম্পদ বিভাগের ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৮-আইন/২০১৯/৩৫-মূসক ও একই বিভাগের ১৬ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ৩১ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের এই সংক্রান্ত সংশোধিত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-৪০৭-আইন/২০১৯/৯১-মূসক এবং জাতীয় রাজস্ব বোর্ডের ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ৩০ মে, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের বিশেষ আদেশ প্রজ্ঞাপন নং-২১৮/২০১৮/কাস্টমস এর সকল শর্ত পরিপালন করিতে হইবে; এবং
- (খ) অগ্রিম আয়কর অব্যাহতি সুবিধাভোগকারী করদাতাকে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর Section 75, 75A, 108 এবং 108A অনুযায়ী যথাক্রমে, রিটার্ন, সার্টিফিকেট এবং তথ্যাদি নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত কার্যকর থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(২১১৫)

মূল্য : টাকা ৪.০০